ভোরের কাগজ

৪।৫।২০০১

তারিখ ... পৃষ্ঠা ... কলাম ...

এইচএসসি ২০০১

# সারা দেশে ৪১টি নকলপ্রবণ উপজেলা চিহ্নিত

নস ঘোষ : পাবলিক পরীক্ষায় উপজেলা দরের বাইরে আর কোনো কেন্দ্র থাকবে । আগামী ১৪ মে থেকে শুরু হতে ওয়া এইচএসসি পরীক্ষা থেকে নতুন এই দ্ধান্তটি কার্যকর হবে। এদিকে ইচএসসি পরীক্ষার প্রাক্কালে সারা দেশে ১টি নকলপ্রবণ উপজেলা চিহ্নিত করা য়েছে।

শিক্ষা মন্ত্রণালয় সংক্রান্ত সংসদীয় য়ী কমিটির বৈঠকে শিক্ষা সচিব সা'দত স্াইন এ তথ্য জানান। কমিটির সভাপতি রুল ইসলাম নাহিদের সভাপতিত্বে সংসদ বনের কেবিনেট কক্ষে গতকাল হস্পতিবার এ বৈঠক অনুষ্ঠিত হয়। ক্ষামন্ত্রী এ এস এইচ কে সাদেকসহ মিটির অধিকাংশ সদস্য বৈঠকে উপস্থিত লেন।

● এরপর -পৃষ্ঠা ২ কলাম ৪

## সারা দেশে ৪১টি নকলপ্রবণ উপজেলা

● প্রথম পাতার পর

বৈঠকে এইচএসসি পরীক্ষার প্রস্তুতি াড়াও নির্ধারিত আলোচ্য বিষয় মাধ্যমিক শক্ষা ব্যবস্থা নিয়ে আলোচনা হয়। এনপি দলীয় দুই সাংসদ আলমগীর বির এবং মশিউর রহমান জাতীয় শ্ববিদ্যালয়ের উপাচার্যের দুর্নীতি তদন্ত রার জন্য সংসদীয় সাবকমিটি গঠনের াবি জানান।

সিদ্ধান্ত হয়েছে আগামী ২৩ মে মিটির পরবর্তী বৈঠকে পাঠ্যপুস্তক বার্ডের বই কেলেঙ্কারি, মাদ্রাসা ও. ারিগরি বোর্ডের দুর্নীতি এবং মাধ্যমিক শক্ষার অব্যবস্থাপনা নিয়ে আলোচনা হবে।

বৈঠকে আসন্ন এইচএসসি পরীক্ষায় াবলিক পরীক্ষায় দুর্নীতি ও নকল তিরোধে স্থায়ী কমিটির ১৮ দফা সুপারিশ ঠোরভাবে বাস্তবায়নের জন্য শিক্ষা বার্ডের চেয়ারম্যানদের নির্দেশ দেওয়া য়। শিক্ষা সচিব জানান, গত মার্চে নুষ্ঠিত এসএসসি পরীক্ষা থেকেই ুপারিশের বেশিরভাগ অনুসরণ করা চ্ছে। এর মধ্যে পরীক্ষার্থী কর্তৃক নিজ তিষ্ঠানে বসে পরীক্ষায় অংশগ্রহণ না করা এবং শিক্ষকগণ কর্তৃক নিজস্ব রীক্ষার্থীদের পরীক্ষাকেন্দ্রে পরিদর্শকের ায়িত্ব পালন না করা অন্যতম।

শিক্ষা সচিব জানান, কোনো কোনো পজেলায় একাধিক কলেজ না থাকায় স্থানীয় প্রশাসন ভিন্ন উপায়ে কেন্দ্র বিনিময়ের সিদ্ধান্ত নিয়েছে। যেমন মৌলভীবাজার জেলার একটি উপজেলায় একাধিক কলেজ না থাকায় কলেজ ছাত্রদের মাদ্রাসায় আসন ফেলা হয়েছে। বাউফল উপজেলায় এই সমস্যার কারণে স্কুলে কেন্দ্র খোলা হয়েছে।

শিক্ষা সচিব জানিয়েছেন, যথেষ্ট তদবির উপেক্ষা করে ক্যাডেট কলেজের পরীক্ষার্থীদেরও এবার বাইরের কেন্দ্রে পরীক্ষা গ্রহণের ব্যবস্থা করা হয়েছে। তিনি জানান, এসএসসি পরীক্ষা পর্যালোচনা করে সারা দেশে ৪১টি উপজেলাকে নকলপ্রবণ হিসেবে চিহ্নিত করা হয়েছে। এই উপজেলাগুলোতে বিশেষ নজরদারি